



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/23/2022

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্কের বৃহত্তম সিটিগুলোর মেয়রদের সঙ্গে বৈঠকের পর গোপনে আগ্নেয়াস্ত্র বহন সম্পর্কে সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

বৈঠকের ছবিগুলো পাওয়া যাবে [এখানে](#)

"NYSRPA বনাম ক্রয়েন মামলায় সুপ্রিম কোর্টের বেরোয়া ও নিন্দনীয় সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে, আমি নিউ ইয়র্কের বৃহত্তম ছয়টি সিটি - আলবানি, বাফেলো, নিউ ইয়র্ক সিটি, রচেস্টার, সিরাকিউস, ও ইয়ংকাস - এর মেয়রদের সঙ্গে এই সিদ্ধান্তের প্রভাব এবং আমরা কোন বিকল্প নীতিমালা বিবেচনা করছি তা নিয়ে আলোচনার জন্য একটি বৈঠক আহ্বান করেছি। মেয়ররা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ের সম্মুখভাগে রয়েছেন, এবং তারা নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য আমাদের কার্যক্রমের অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশীদার। আমাদের প্রতিক্রিয়া যেন কৌশলপূর্ণ ও একতাবদ্ধ হয় সে বিষয়টি নিশ্চিত করতে আমরা নিবিড়ভাবে যোগাযোগ রক্ষা করা অব্যাহত রাখবো।

আমার টিম এই সিদ্ধান্তটির জন্য প্রস্তুতি নিচ্ছিলো এবং সম্ভাব্য সকল পদক্ষেপের কথা বিবেচনা করেছে, এবং আমাদের আইনি বিকল্পগুলো সম্পর্কে আইন পরিষদের সঙ্গে আমাদের আলোচনা চলমান রয়েছে। আমরা শক্তিশীল নই, এবং আমরা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে আমাদের সাধ্যমতো চেষ্টা করে যাবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418